সংবাদ

তারিখ ... 21 AUG 2015...
পৃষ্ঠা ...৮... কলাম ...২...

## চিঠিপত্র

মতামতের জন্য সম্পাদক দায়ী নয়

### এইচএসসির ফল বিপর্যয় : শিক্ষার মান বাড়াতে প্রয়োজন মানসম্মত শিক্ষক

এইচএসসি ও সমমানের পরীক্ষায়, গতবারের চেয়ে এবার জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থী ও উত্তীর্ণের সংখ্যা কম। কাঙ্ক্ষিত ফল অর্জিত হয়নি। কয়েকটি বোর্ডে যে ফল হয়েছে, তাকে ফল বিপর্যয়ও বলা যেতে পারে। যশোর বোর্ডে অর্ধেকেরও বেশি শিক্ষার্থী কৃতকার্য হতে পারেনি। এই ফল বিপর্যয় যে অনেক শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য মানসিক বিপর্যয়েরও কারণ হবে, তা বলার অপেক্ষা রাখে না।

জিপিএ ৫ ও পাসের হারের ঊর্ধ্বমুখী সূচক শিক্ষার মানের বিষয়টি নিশ্চিত করে না। পাসের হার বাড়ছে, নাকি কমছে- সেটা বিবেচ্য বিষয় নয়। শিক্ষার মান বাড়ছে কি না, সেটাই খতিয়ে দেখা দরকার। শিক্ষার মান বাড়াতে হলে প্রয়োজন মানসম্মত শ্রেণীকক্ষ, যা নির্ভর করে মানসম্পন্ন শিক্ষকের ওপর। দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষক নিশ্চিত করতে হবে।

ভুলে গেলে চলবে না, আজকের শিক্ষার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ। দেশের সেই ভবিষ্যৎ নাগরিকদের গড়ে তোলার দায়িত্ব যাদের হাতে তুলে দেয়া হচ্ছে তাদের মান হতে হবে প্রশ্নাতীত। শুধু জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা বাড়িয়ে বা কমিয়ে শিক্ষার মান নিশ্চিত করা যাবে না। যে শিক্ষার্থীরা এইচএসসি পাস করে আসছে তাদের উচ্চশিক্ষার জন্য প্রয়োজনীয়সংখ্যক পাবলিক বিশ্ববিদ্যালয়ও নেই। আজকের দিনের সঙ্গে সংগতি রেখে দেশের বিভিন্ন স্থানে সরকারি উদ্যোগেই বিশেষায়িত বিশ্ববিদ্যালয় গড়ে তুলতে হবে। শিক্ষার্থীদের পছন্দের বিষয়ে আসন বাড়াতে হবে। অন্যথায় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা-বাণিজ্য প্রতিরোধ করা যাবে না, নিশ্চিত করা যাবে না মানসম্মত উচ্চশিক্ষা। একই সঙ্গে দৃষ্টি দিতে হবে গ্রামাঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর দিকে। শহরের সঙ্গে গ্রামের শিক্ষার্থীদের ফারাক বাড়ছে। শিক্ষার মান বৃদ্ধি করতে হলে সর্বত্র শিক্ষকদের মান বাড়াতে হবে। নিশ্চিত করতে হবে শিক্ষার পরিবেশ।

এম এইচ খান মঞ্জুর।